



· ORGAN OF THE CALCUTTA STATION ·

**Vol. II. No. IX.** **16th January, Friday, 1931.** **One Anna.**
২য় বর্ষ, ৯ম সংখ্যা ] ১৬ই জানুয়ারী, শুক্রবার ১৯৩১, ২রা মাঘ, ১৩৩৭। [ এক আনা

# TOMAN PICKUPS

**All the World's finest Electrical Reproducers use the Toman Pick-up.**



**No. 4059 Standard Super Model with tone arm and volume control Rs. 57/8 each**
**No. 4062 Gold Finish with tone arm and volume control Rs. 65/- „**
**Special for Talking Picture Equipment.**
**No. 4060 Rs. 67/8 each**
**No- 4061 Pick-up Head only „ 37/8 „**

*|Try one & you will buy one|*

**Two models are available viz. The Standard Super and Cinema Model designed specially for use in the Talking Pictures Equipment. Statuary Bronze or Nickel-plated Finish.**

## SOLE DISTRIBUTORS IN INDIA

Queen's Road, Nr. Marine Lines, **BOMBAY.**

# BOMBAY RADIO
Co., Ltd.

43/1D, Dharamtola Street, **CALCUTTA.**

# BETAR JAGAT

**The**

**only paper**

**which has the**

**widest circulation**

**all over the Country.**

**Book your**

**Advertisement**

**just now certainly**

**it will pay.**

# WHY NOT MAKE YOUR OWN RADIO SET?



No experience required. If you are keen about it, our engineers will guide you to do so. Once you make your own set, you won't have to be troubled. It will cost you 50 per cent less. Special concessions to students & amateurs. For particulars write to :

**INTERNATIONAL RADIO EMPORIUM**
**96, Ashutosh Mukherjee Road.**
**BHOWANIPUR, CALCUTTA. Phone : South 594.**



# বেতারযন্ত্র

## ও টাইপরাইটার



ঝক্‌ঝকে নূতন টাইপরাইটার, বেতারযন্ত্র, স্বরবর্দ্ধক যন্ত্র, বৈদ্যুতিক গ্রামোফোন, নূতন ও সেকেণ্ডহ্যাণ্ড টাইপরাইটার ( খুব উৎকৃষ্ট অবস্থার ) যদি কিনতে চান তা হলে আমাদের দোকানে আসুন। আমরা প্রচুর পরিমাণে এই সমস্ত দ্রব্য আমদানী করেছি। মফঃস্বলের ক্রেতাদের কাছে পছন্দ করবার জন্য দশদিন জিনিষ রাখা হয়। কোন টাইপরাইটার বা বেতারযন্ত্র চট্ করে কিনবেন না যতক্ষণ না আমাদের সচিত্র ক্যাটালগ পাচ্ছেন। চাইলেই বিনামূল্যে তা পাঠিয়ে দোব। এই সমস্ত যন্ত্র যদি খারাপ হয় তা হলে আমরা তৎক্ষণাৎ ইউরোপীয় কারিগর দিয়ে মেরামত করে দিই। খুচরা যন্ত্রাদিও আমাদের কাছে কিনতে পাবেন। আমাদের জিনিষ উৎকৃষ্ট অথচ দাম খুব কম।

## নতুন মডেলের

৩ ভ্যালব্ ডি, সি মেন সেট ৭৫৲, ৪ ভ্যাল্‌বের স্ক্রীন্ গ্রীড্ পোর্টেবেল সর্ট লং ও সর্ট ওয়েভ ফ্রেম এরিয়েল শুদ্ধ ২৭৫৲ টাকা। ( রেমিংটন, আণ্ডারউড, করোনা ইত্যাদি ) সর্ব্বরকমের টাইপরাইটার ৬৫৲ টাকা থেকে তদূর্দ্ধ।

**জি, রজার্স এণ্ড কোং,**

২৩ লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ফোন ৫৪৭১ কলিকাতা।

# আমাদের কথা

বেতার নাট্যকে দলের অভিনয় আজকাল কয়েকজন বিশিষ্ট সমালোচকের দৃষ্টি আকর্ষণ করেছে দেখে আমরা খুসী হয়েছি। সমালোচনা জিনিষটী খুবই ভাল যদি তা আর্টের উন্নতির পরিপন্থী না হোয়ে তাকে উন্নতির পথে চলতে সাহায্য করে।

---

অনেকে বেতার নাট্যকে দলের অভিনয়কে রঙ্গমঞ্চের অভিনয়ের সঙ্গে তুলনা কোরে মস্ত ভুল কোরে থাকেন। রঙ্গমঞ্চের অভিনয়ের সঙ্গে বেতারের অভিনয়ের তুলনা একবারেই চলে না। অভিনয়ের একটা প্রধান অঙ্গ হচ্ছে মুখ এবং অঙ্গভঙ্গী। বেতারের শ্রোতারা অভিনয় শুনতে বসে এই একটা প্রধান জিনিষ থেকে বঞ্চিত হন। সেইজন্য অনভ্যস্ত শ্রোতার কাছে বেতারের অভিনয় কেমনতর 'অদ্ভুত' লাগবারই কথা! অতএব বেতারের মারফতে যতদিন দর্শন-ইন্দ্রিয়কেও পরিতৃপ্ত করবার ব্যবস্থা না হচ্ছে ততদিন তাঁদের এইতেই সন্তুষ্ট থাকতে অনুরোধ করছি।

---

এবারে সর্ব্বসমেত তিনদিন পূরো নাটক এবং দু-দিন নির্ব্বাচিত দৃশ্য অভিনয়ের ব্যবস্থা করা হয়েছে। আগামী ১৫ই জানুয়ারী শুক্রবার বেতার নাট্যকে দল পরলোকগত পণ্ডিত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের 'উলূপী' নামে পৌরাণিক নাটকখানি অভিনয় করবেন। আগামী ২৩শে জানুয়ারী শুক্রবার এবং ৩০শে জানুয়ারী শুক্রবার যথাক্রমে প্রবীন সাহিত্যিক শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ বসুর 'কুহকী' এবং শ্রীযুক্ত নিত্যগোপাল মুখোপাধ্যায়ের 'মুক্তি' এই দু-খানি নাটক অভিনীত হবে। আগামী ১৯শে জানুয়ারী সোমবার এবং ২৫শে জানুয়ারী রবিবার এই দু-দিন নির্ব্বাচিত দৃশ্য থেকে অভিনয় হবে।

---

আমাদের ছোটদের বৈঠকের বন্ধুদের খোঁজখবর অনেকদিন নেওয়া হয়নি। অবিশ্যি 'গল্পদাদার' কাছ থেকে প্রায়ই তাঁদের খবর পাই। তাঁদের মধ্যে অনেকে আমাদের কাছে জানতে চেয়েছেন যে, তাঁদের লেখা আমরা 'বেতার জগতে' ছাপাব কিনা। নিশ্চয়ই ছাপাব! অবিশ্যি লেখা যেন বড় না হয়। বেতার জগতের দু-পৃষ্ঠার বেশী হোলে কিন্তু প্রকাশ করা মুস্কিল হবে।

---

এবার থেকে মাঝে-মাঝে ছোটদের জন্য বেতার জগতে ধাঁধা ও নানারকম প্রশ্ন প্রকাশ করা হবে। ছোটদের বৈঠকের সকলেই তার উত্তর দিতে পারেন। যাঁদের উত্তর ঠিক হবে তাঁদের নাম 'বেতার জগতে' প্রকাশিত হবে। ধাঁধা ও প্রশ্নের উত্তর এবং গল্প, কবিতা, প্রবন্ধ ইত্যাদি লেখা—সম্পাদক বেতার জগৎ—এই ঠিকানায় পাঠাতে হবে।

---

কীর্ত্তন, বাউল ও রামপ্রসাদী গান যাঁরা ভালবাসেন তাঁদের জন্য আগামী ২২শে জানুয়ারী বৃহস্পতিবার বিশেষ ব্যবস্থা করা হয়েছে। এইদিন সন্ধ্যার আসরের কথা তাঁরা যেন বিস্মৃত না হন। আগামী ২৯শে জানুয়ারী বৃহস্পতিবার রাত্রি ৮-২৫ মিনিটের সময় সুগায়ক শ্রীনিত্য গোপাল মুখোপাধ্যায় কীর্ত্তন করবেন।

---

আগামী ২৬শে জানুয়ারী সোমবার এবং ২৯শে জানুয়ারী বৃহস্পতিবার এই দু-দিন বৈঠকী গানের আয়োজন করা হয়েছে। বৈঠকী গানের সমজদার যাঁরা তাদের মনোযোগ এদিকে আকর্ষণ করছি। এ ছাড়া আগামী বুধবার ২১শে জানুয়ারী বুধবার ও আগামী ২৮শে জানুয়ারী বুধবার দক্ষিণ ভারতীয় সঙ্গীতের আসর বস্‌বে।

---

আমাদের মহিলা মজলিসের শ্রোত্রীদের মধ্যে আজকাল অনেকেই মজলিসে পড়বার জন্য চিঠিপত্র, গল্প, প্রবন্ধ, কবিতা ইত্যাদি পাঠিয়ে থাকেন এবং যত দূর সম্ভব সত্বর সেগুলি পড়াও হোয়ে থাকে। মহিলারা যে ক্রমশঃই তাঁদের নিজস্ব এই প্রতিষ্ঠানটীর উন্নতির দিকে যত্ন নিচ্ছেন—এ অত্যন্ত আশার কথা।

---

কিন্তু অনেক মহিলা মজলিসের পড়বার জন্য এমন পত্র প্রেরণ করেন যার অধিকাংশই ব্যক্তিগত কথায় পূর্ণ। এই রকম পত্র নিয়ে আমাদের বিষ্ণুশর্ম্মা মহাশয়কে অনেক সময় বিব্রত হোতে হয়। মজলিসে যেদিন যে বিষয়ের আলোচনা হবার কথা থাকে তাঁরা যদি সেই সব বিষয়ে লেখা পাঠান তা হোলে সব দিক দিয়েই ভাল হয়। আশা করি তাঁরা আমাদের ভুল বুঝবেন না।

---

সঙ্গীত-শিক্ষা দানের জন্য আমরা যেটুকু সময় নির্দ্দিষ্ট কোরেছি অনেকেরই তা' পছন্দ হচ্ছে না। সময় যাতে আরও বৃদ্ধি হয় সেই রকম তাগিদ পূর্ণ বহু চিঠিপত্র আমরা পাচ্ছি। এ সম্বন্ধে আমরা অবশ্য কোন নিশ্চয়তা এখন দিতে পাচ্ছি না তবে অচিরেই যে তাঁদের আদেশ পালন করা সম্ভবপর হবে সে রকম আশা করা যায়।

---

শ্রীযুক্ত রাইচাঁদ বড়াল মহাশয়ের অধিনায়কতায় ১৭ই জানুয়ারী শনিবার তারিখে এক্স্, অর্কেষ্ট্রা যন্ত্র-সঙ্গীত পরিবেশন করবেন। এক্স্ অর্কেষ্ট্রা এবারে আরও অনেক নতুনত্ব করবেন বোলে আমাদের জানিয়েছেন। তার পর দিনই ১৮ই জানুয়ারী অর্ফিক ক্লাব বাংলা সিম্ফনি অর্কেষ্ট্রা বাজাবেন। বাজনার সঙ্গে-সঙ্গে মিস্ প্রফুল্লবালা ও মিস্ আবীরাবালার দ্বৈত-গীতের আয়োজন করা হয়েছে।

---

কিছুদিন পূর্ব্বে বেতারের আসর নামে যে অনুষ্ঠানটির আয়োজন করা হয়েছিল তার উচ্ছ্বসিত সুখ্যাতি আমরা শ্রোতৃমণ্ডলীর কাছ থেকে শুনতে পেয়েছি। সর্ব্বসাধারণ যে এই রকম অনুষ্ঠানকে এত প্রীতির চক্ষে দেখবেন তা' আমরা প্রথমে আশা করতে পারিনি। আজ তাঁদের কাছ থেকে উৎসাহ পেয়ে আমরা ঐ রকম ধরণেরই আর একটি অনুষ্ঠান এইবারের প্রোগ্রামের মধ্যেই করবো। বেতারের এই আসরটি বসবে একটি মন্দিরের প্রাঙ্গণে। মন্দির-দৃশ্যের গাম্ভীর্য্য, পবিত্রতা, সমস্তই শব্দ ও সুরের সাহায্যে ফুটিয়ে তোলবার জন্য আমাদের শিল্পীরা যথাসাধ্য চেষ্টা করবেন। ২৭শে জানুয়ারী মঙ্গলবার রাত্রি ৭-৩০ টার সময় মন্দিরের আরতির সময়।

---

প্রত্যেক শনিবার, রবিবার, বৃহস্পতিবার আমরা সাধারণের উপভোগ্য প্রোগ্রাম রচনা কোরেছি। অপরাপর দিনও যথেষ্ট সু-গায়ক ও গায়িকার সমাবেশ হয়েছে। আপনাদের ভাল-লাগার দিকে আমরা যেরকম


# ইণ্ডিয়ান সিল্ক হাউস
স্বদেশী সিল্কের শ্রেষ্ঠ প্রতিষ্ঠান




২০৬ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

E.P.S.

লক্ষ্য রেখেছি সংখ্যার দিকে অতটা দৃষ্টি রাখিনি। যাঁরাই সাধারণের প্রীতি অর্জ্জন করতে পাচ্ছেন না তাঁদের তৎক্ষণাৎ তালিকা থেকে আমরা বাদ দিচ্ছি।

---

বেতারের সৌখীন গায়ক এবং গায়িকাদের প্রতি আমাদের অনুরোধ যেন তাঁরা যথাসময়ে ষ্টুডিওতে এসে পৌছোন এবং আসবার সময় যেন বন্ধুদের সঙ্গে না আনেন। কারণ ষ্টুডিওর মধ্যে বাহিরের লোক আনা আমাদের নিয়মবিরুদ্ধ, এইটুকুই তাঁরা যেন স্মরণ রাখেন। কোন কারণ বশতঃ যদি কেউ না আসতে পারেন তা হোলে অন্ততঃ ২৪ ঘণ্টা পূর্ব্বে আমাদের খবর দিতে হবে। তা' না হোলে ভবিষ্যতে তাঁদের গানের বন্দোবস্ত করা আমাদের দ্বারা কোন ক্রমেই সম্ভবপর হবে না। অনুপস্থিতি শুধু প্রোগ্রামকে খারাপ করে না শ্রোতাদের এবং আমাদের দিক দিয়ে তা' অত্যন্ত বিরক্তিকর হ'য়ে ওঠে।

---

বেতারে যাঁরা গান, বাজনা, আবৃত্তি করতে চান তাঁদের প্রতি আমাদের বক্তব্য এই যে, বেতারের পক্ষে তাঁরা ঠিক উপযোগী কি না সে বিষয়ের একটু পরীক্ষা পূর্ব্বে দেওয়া আবশ্যক। ছুটির দিন ছাড়া যে কোন বুধবার বা শনিবার বেলা দুটো থেকে চারটে পর্য্যন্ত, গায়ক, গায়িকাদের পরীক্ষা হয়। যাঁরা বেতারে অংশগ্রহণ করতে ইচ্ছুক তাঁরা যেন ঐ সময়ের মধ্যে এসে উপস্থিত হন। ভদ্রমহিলাদের জন্য অবশ্য স্বতন্ত্র ব্যবস্থা করা হয়। সে বিষয়ে পূর্ব্বাহ্নে আমাদের জানালে আমরা লিখে পাঠাব।

---

এবারের প্রোগ্রামেও মাত্র একদিন বক্তৃতার আয়োজন করা হয়েছে। ২২শে জানুয়ারী বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার সময় মিঃ এম্ ঘোষ 'রঙ্গমঞ্চ' সম্বন্ধে বক্তৃতা প্রদান করবেন।

---

ইউরোপীয় প্রোগ্রামের বিশিষ্ট অনুষ্ঠানগুলি আমরা আপনাদের জানাচ্ছি। শুক্রবার ১৬ই জানুয়ারী (বেলা ১-১৫ মিঃ) মিঃ *টি*, আর, এস্ কিনারস্লির বক্তৃতা। ১৭ই জানুয়ারী (রাত্রি ৯৷৷০—১১টা) নাচের বাজনা। ১৮ই জানুয়ারী (বেলা ১১৷৷০—১টা) অর্কেষ্ট্রা ও বিভিন্ন বাজনা। ২০শে জানুয়ারী (রাত্রি ৯৷৷০) ভিয়েনা ফিল্হারমোনিক্ অর্কেষ্ট্রা; (রাত্রি ১০-১০) শিকাগো সিম্ফনি অর্কেষ্ট্রা বেহালা। ২২শে জানুয়ারী (রাত্রি ৯৷৷০—১১টা) নাচের বাজনা। ২৪শে জানুয়ারী (রাত্রি ৯৷৷০, ৯-৫০, ১০-১০, ১০-৫০) পিয়ানো, বাঁশি, বেহালা, বাঁশি। ২৫শে জানুয়ারী (বেলা ১১-৩০—১টা) অর্কেষ্ট্রা। ২৬শে জানুয়ারী (সন্ধ্যা ৬৷৷০; ৬-৫৫; ৭-২০) অর্কেষ্ট্রা, অর্গ্যান, অর্কেষ্ট্রা। ২৭শে জানুয়ারী (রাত্রি ৯৷৷০—১০৷৷০) অভিনয়। ২৮শে জানুয়ারী (সন্ধ্যা ৬৷৷০—৭৷৷০) টমাস্ জনের পিয়ানো বাজনা।

---

ভারতীয় শ্রোতৃবর্গের অনেকেই ইউরোপীয় প্রোগ্রামের বাজনা শুনতে খুবই ভালবাসেন। তাঁরা উল্লিখিত তারিখগুলি ও সময়ের প্রতি একটু লক্ষ্য রাখবেন।

---

বেতার জগতের চাহিদা অত্যন্ত বৃদ্ধি পাওয়ায় আমরা পত্রিকার সংখ্যা আগেকার চেয়ে বেশী কোরে ছাপালেও সমস্ত শ্রোতারা কিনতে পাচ্ছেন না এই রকম অনুযোগ পাচ্ছি। পত্রিকা দু-একদিনের মধ্যেই নিঃশেষিত হয়ে যায়! বেতার জগতের গ্রাহক হ'লে আপনাদের আর এ সম্বন্ধে বেশী উৎকণ্ঠা ভোগ করতে হয় না এবং আমাদেরও কাজের সুবিধা হয়। 'বেতার জগৎ' আমাদের অফিস ছাড়া বিশিষ্ট বেতার ব্যবসায়ীদের কাছেও পেতে পারেন।

---

# মহিলা-মজলিস

## নীনা

[ শ্রীমতী জ্ঞানদাবালা মিত্র ]

( পূর্ব্বপ্রকাশিতের পর )

সাহেবের বাড়ীতে একটী পুরাতন আয়া ছিল। বেবিকে সে প্রায়ই আমার কাছে বেড়াইতে যাইবার সময় লইয়া আসিত। কথাচ্ছলে একদিন আয়াকে জিজ্ঞাসা করিলাম 'আচ্ছা বলতে পার সাহেব সেদিন অত রাত্র পর্য্যন্ত কোথায় ছিলেন?" সে বলিল, 'কি জানি বাবু!' আমি ভাবিলাম কথাটা জিজ্ঞাসা করা হয়তো আমার উচিত হইল না; সে কথাটা চাপা দিবার অভিপ্রায়ে আমি বলিয়া উঠিলাম 'আচ্ছা অত রাত্রে সাহেব এসে আবার খানা টানা খেলেন? আমি তোমায় এ কথা জিগ্যেস কচ্ছি কেন জান—কারণ আজকাল আমার মনে হয় সাহেব যেন তাঁর শরীরের প্রতি তত যত্ন কচ্ছেন না। মেম সাহেব কি এগুলি দেখেন না?

আয়া বলিল, 'বাবু আমার মেম সাহেবটি একটি ছোট্ট মেয়ের মত ওনার বয়সই বা কত হবে? বড় জোর আঠার উনিশ, কিন্তু উনি যা যত্ন করেন তা অপর কোন মেম সাহেব বোধ হয় করতে পারতেন না। সাহেব বড্ড পরিশ্রম করেন সে জন্যে কত রাগ করেন।

আমি জিজ্ঞাসা করিলাম 'মেম সাহেব বড় রাগী না?" আয়া হাসিয়া বলিল 'মোটেই না, আমার মেম সাহেবের মত এমন সুন্দর স্বভাব আমি আর কারুর আজ পর্য্যন্ত দেখিই নি। সাহেবকে এত যত্ন, ভক্তি করেন যে কি বলবো! সাহেবের ঘরে ফুলদানিতে আর কাউকে ফুল সাজাতে দেন না নিজেই সাজান। সাহেবের জামায় বোতাম বসান, রিপু করা সমস্ত কাজই উনি নিজে করেন। আমি কত সময় বলেছি যে মেমসাহেব আমি ও কাজ-গুলো করবো'খন, উনি তাতে হেসে বলেন, তুমি বেবিরই কাজ করে' উঠ্‌তে পারোনা আবার এইসব বাড়্‌তি কাজ করবে। কিন্তু আমি বুঝতে পারি বাবু যে সাহেবের কাজ আর কেউ করে' দেয় এটা উনি পছন্দ করেন না।

আমি কৌতুহলাক্রান্ত হ'য়ে আয়াকে জিজ্ঞাসা করিলাম, 'সাহেবও বোধ হয় মেম সাহেবের কাজ খুব পছন্দ করেন?

আয়া বলিল 'ওঃ নিশ্চয়! সাহেব কত সময় বলেন যে তুমি আমার অভ্যেস বড় খারাপ করে' দিয়েছ, এখন আমার আর কারুর কাজ কিছুতেই পছন্দ হয় না।"

আমি মৃদু হাসিয়া মনে মনে বলিলাম 'হয়তো আমাদের আফিসের কাজও যদি মেম সাহেব করতেন তা হোলে আর চাকরি করে খেতে হোত না। বাস্তবিক মেম সাহেব ভারি চমৎকার সব জিনিষ গুছিয়ে করতে পারেন।" আয়া তখন প্রভু ও প্রভুপত্নীর উচ্ছ্বসিত প্রশংসা করিতে করিতে মাতিয়া উঠিয়াছিল সে বলিতে লাগিল, বাবু এরকম লোক আর হবে না। যেমনি আমার সাহেব তেমনি তাঁর মেম। সাহেবও কি মেম সাহেবকে কম যত্ন করেন। মেমের শরীর তত ভাল নয় বোলে—

আয়ার কথা শেষ হইবার পূর্ব্বেই বেবি দূরে কি একটা দেখিয়া ভয় পাইয়া কাঁদিয়া উঠিল। আয়া তাড়াতাড়ি ছুটিয়া তাহাকে শান্ত করিতে গেল। তাহার পর আর সেদিন ও সম্বন্ধে কিছু কথার সুযোগ মিলিল না।

এই আয়াটির বয়স আন্দাজ বছর পঞ্চাশ হইবে। বাঙ্গালীর সংসারে পুরাতন দাসীরা সমস্ত বাড়ীটার উপর যেমন স্নেহের শিকড় গাড়িয়া তাহার শাখা প্রশাখা চতুর্দ্দিকে বিস্তৃত করিয়া ফেলে ঠিক তেমনিভাবে সে

সাহেবের বাড়ীর প্রত্যেকের সহিত অকৃত্রিম ভালবাসার মধুর সম্পর্কে আবদ্ধ হইয়া পড়িয়াছিল এবং সুচারু গৃহিনীপনায় সে এরূপ অভ্যস্ত হইয়া উঠিয়াছিল যে মেম সাহেবকেও মাঝে মাঝে তাহার কাছে বকুনি খাইতে হইত।

আয়াটির নাম লছ্‌মি। তাহার কাছ হইতে আরও সংবাদ সংগ্রহের আশায় বলিলাম 'তুমি মাঝে মাঝে বেবিকে আমার কাছে এনো, আমি বিদেশী একা থাকি তবু ওর সঙ্গে একটু খেলাধূলো করলে মনটা ভাল থাকে।"

লছ্‌মি যাইবার সময় শুধু বলিয়া গেল 'আচ্ছা!'

লছ্‌মি চলিয়া যাইবার পর আমি নানা কথা ভাবিতে লাগিলাম। সাহেব এবং মেমের সম্পর্ক কিরূপ, সেদিন রাত্রে এইভাবের কথাবার্ত্তারই বা কারণ কি ভাবিতে ভাবিতে ভাবনা বাড়িয়াই গেল। কখন যে অন্ধকার ঘনীভূত হইয়া উঠিয়াছে জানিতে পারি নাই। হঠাৎ সেই চিন্তার রাজ্য হইতে ফিরিয়া আসিলাম, মনে মনে আমার হাসি পাইল যে কাহাদের জন্য আমি ভাবিতেছি—তারা আমার কে?

(ক্রমশঃ)

---

# ছোটদের বৈঠক

---

Calcutta station calling—Good Evening Children! Galpadada speaking!

তোমাদের আজ বিলাত ও আমেরিকার ছেলে-মেয়েদের কথা বলব। আমি আমার যে সব নাতী নাতনীদের বিলাত ও আমেরিকার পত্র বন্ধু (pen friend) করে দিয়েছি তারা জানে যে সেইসব দেশের ছেলে-মেয়েরাও আমাদের দেশের মেয়েদের মতনই সরল ও উদার। তবে আমাদের দেশের ছেলে ছেলেমেয়েরা তাদের ও তাদের দেশের কথা যতটা জানে তারা ততটা জানে না। আমরা কি রকম, ঘরে বাস করি কিনা, জুতো-মোজা পরি কিনা, স্কুলে যাই কিনা, সিনেমা দেখি কিনা, খেলাধূলা করি কিনা, এইসব জানবার জন্য বড় উৎসুক আছে। তারা কত কষ্টসহিষ্ণু, লেখাপড়া শেখবার জন্য তাদের কি রকম আগ্রহ, সময়ের দাম তারা কতটা বোঝে, খেলাধূলো, লেখাপড়া, ঘরের বা বাগান কি চাষের কাজ, ধর্ম্মচর্চ্চা ইত্যাদি তাদের ছোট্ট-খাট্ট বাড়ীর ভিতর কেমন শৃঙ্খলাবদ্ধভাবে সব জিনিস গুলো তাদের ঠিক ঠিক জায়গায় জীবন গড়ে তুলে উত্তরকালে বিশাল সাম্রাজ্যের পরিচালক হয়, তা' তাদের কাছ থেকে আমরাও অনেক শিখতে পারি। আজ শুধু কয়েকখানা চিঠি থেকে কিছু তুলে দিচ্চি, তাতে দেখতে পাবে তাদের কত আগ্রহ তোমাদের সঙ্গে ভাব করতে। প্রশান্ত মহাসাগরের ওপার থেকে যেন তাদের কচি কচি হাতগুলো তুলে তোমাদের ডাকছে এস ভারতীয় ছোট বন্ধুরা তোমাদের অতীত গৌরব কাহিনী শুনেছি এখন তোমাদের পরিচয় জানতে চাই।

আজ আমেরিকার ছেলেমেয়েদের পত্র থেকে কিছু কিছু তুলে দিচ্চি। পরের বারে বিলাতের ছেলেমেয়েদের পত্র থেকে তুলে দোব।

Mary Joan Carrol Neveda—'Tuned in at 4 o'clock in the morning and got the children's Corner in your country. I am nine years old. We study about India. It is interesting. We have had zero weather, this fall—to day 40. We will have a sligh ride. Wait me —I am interested in your beautiful country.

Nellic Mcurthy—Mc. Gill—

"We dress in gingham and sometimes in silk and velvet. We wear shoes and stockings which protects us from cold...............our school very interesting—teacher for every subject and changed rooms every 30 minutes. We have penmanship, music, art, Geography, history, arithmatic, Reading and English—we have to play basket ball volley ball, wrestling and running. I like basket ball.

We have a theatre with a thick rug .... at home .... a plush chair, a daven port, a a table and a rug.

We eat potatoes, meat, fish etc. We drink milk and butter which makes us strong and healthy .... Tell me how you live."

Dorothy Lon Curtis, Ivaho, U, S,A —

"Heard your Conduct in children's corner over station KIDO operates on 1250 kill cysh each day.........Saturday' open House' for Youngsters—on that day they put on the programme themselves .... If we lost a few hours sleep some morning, we could tune and hear you I am eleven years old and live on a farm.

Dorothy, Bryam—up, 10 Los Angels......
"I have a trouble. I used to have a little cat but he ran away, I would shout"

Miss Jessvi a Pearl-fort Brag.—"I live in a small Sawmill town. I should love to tell them about our wonderful state and a kind and loyal friend.

প্রতি সপ্তাহেই আমি অনেক পত্র পাচ্ছি, তোমরা যারা এখন বিদেশের বন্ধু চাচ্ছ, আমায় লিখলে আমি নাম দিয়ে দেব। বয়সটা লিখতে ভুল না।

## প্রশ্ন

১। শীতকালে রাত্রিবেলায় যদি তোমাদের বাড়ীর ছাতে একটা কাঠের লাঠি আর একটা লোহার ডাণ্ডা রেখে দাও আর সকাল বেলা ঘুম থেকে উঠে যদি ছাতে গিয়ে সেই লাঠিটা আর এক হাতে লোহার ডাণ্ডাটা ধর তা হোলে কোন্ জিনিষটা বেশী ঠাণ্ডা বলে মনে হবে বলত? নিশ্চয়ই লোহার ডাণ্ডাটাকে বেশী ঠাণ্ডা বলে মনে হবে। একই রকম ঠাণ্ডাতে পড়ে থেকে এই দুটো জিনিষের উত্তাপের তফাৎ কেন মনে হয় বলত?

২। তোমাদের মধ্যে যারা পাহাড়ের দেশে গিয়েছ তারা নিশ্চয়ই লক্ষ্য করেছ যে দূরের পাহাড়গুলোকে গাঢ় নীল রংয়ের দেখায়। অথচ পাহাড়ের কাছে গেলে তার আর সে রং থাকে না। এর কারণ কি?

৩। ঠাণ্ডা জলকে উনুনে চড়ালে আস্তে আস্তে তা গরম হোতে থাকে। উনুনে আগুন খুব বেশী থাকলে জল তাড়াতাড়ি গরম হোতে থাকবে। কিন্তু আগুন যদি খুব বেশী দাও আর অনেক জলকে উনুনের ওপরে চাপিয়ে রাখ তা হোলে তোমার যত খুসী ইচ্ছা জলকে গরম করতে পার কি?

বেঃ জঃ সঃ

---


## নিবেদন

বেতার যন্ত্র নির্ম্মাণ অথবা মেরামত কার্য্য যদ্যপি সুচারুরূপে এবং স্থায়ীভাবে করিতে চাহেন তাহা হইলে উহা বিজ্ঞ লোকের দ্বারাই করান উচিত নয় কি?

আমাদের যন্ত্রশিল্পী তাপসেন্দু চাটুয্যে মহাশয় ১৪ বৎসর বিলাত, ফ্রান্স, আমেরিকায় শিক্ষালাভের পরে ভারতবর্ষে ফিরিয়া বেতার যন্ত্র উৎপত্তির সময় হইতে পারদর্শিতার সহিত কার্য্য করিয়া আসিতেছেন।

আপনার কার্য্য তাঁহার হাতে ছাড়িয়া দিয়া নিশ্চিন্ত হউন।

ইউনিডে রেডিও কোং
৬৭ নং ধর্ম্মতলা ষ্ট্রীট, কলিকাতা।
ফোন :—কলিকাতা ২৩৪০

THE AIR IS FULL OF MUSIC
"YOU NEED A RADIO"

# গান

[ শ্রীসৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় ]

দিনান্তে আজ দিগন্তেরি পারে
জীর্ণ পাতা যায় যে তারি দ্বারে!
আকুল গানের ধারায়
মন যে আমার সকল বেদন হারায়
কোন্ গহন বিজন-পারে —
জীর্ণ পাতা যায় যে তারি দ্বারে !!
আঁধার আসে ঘিরে
নভোনীলের হৃদয়-সাগর-তীরে !
কুসুম বনের মাঝে
কে এলো আজ মৌন-নিথর-সাঁঝে !
কার ব্যাকুল রোদন-ভারে
জীর্ণ পাতা যায় যে তারি দ্বারে !!

---

সুর ও স্বরলিপি—শ্রীপঙ্কজকুমার মল্লিক

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| পধা | মা | মা | পা | -া | -া | -া | -া | মা |
| দি- | না | ন্ | তে | - | - | - | - | - |
| গা | মা | মা | গা | মা | মা | গা | মা | -া |
| - | আ | জ | দি | গ | ন | তে | রি | - |
| গা | মা | পা | ধা | ণা | ধণর্সা | ধা | ধর্সা | ণর্সণা |
| পা | - | - | - | - | - - - | রে | - - | - - - |
| ধা | পা | -া | পধা | মা | মা | পা | -া | -া |
| - | - | - | দি- | না | ন | তে | - | - |
| রা | -ামা | মা | মা | মা | -াপা | পা | -া | া—ধা |
| জী | - - | র্ণ | পা | তা | - - | যা | - | -য় |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ধা | -া | -ণা | পা | -র্সা | র্সা | ণা | ধা | পধণা |
| যা | - | -য় | যা | -য় | যে | তা | রি | - - - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| পধা | পা | -া | -া | -া | -া | ‖ |
| দ্বা- | রে | - | - | - | - | ‖ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| { পা | পা | ধা | না | র্সা | র্রর্সা | না | র্সা | -র্া |
| আ | কু | ল | গা | নে | -র | ধা | রা। | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| -র্া | -র্া | র্সা | র্সা | -র্জ্ঞা | র্জ্ঞা | র্রা | র্জ্ঞা | র্জ্ঞা |
| - | - | য় | ম | - ন | যে | আ | মা | র |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| র্রা | র্রর্মা | র্জ্ঞা | র্রা | র্সা | র্রর্সা | না | র্সা | -র্া |
| স | ক- | ল | বে | দ | -ন | হা | রা | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মা<br>র্সা | পা | র্সা | র্সা | র্সা | ণা | ধা | পা | ধণা |
| য় | কো | ন্ | গ | হ | ন | বি | জ | -ন |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| পধা | পা | -া | -া | -া | -া | মা | রা | রা |
| পা- | রে | - | - | - | - | জী | - | র্ণ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মা | মা | -াপা | পা | -া | -াধা | ধা | -া | -াণা |
| পা | তা | - - | যা | - | -য় | যা | - | -য় |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| পা | -র্সা | র্সা | ণা | ধা | পধণা | পধা | পা | -া |
| যা. | -য় | যে | তা | রি | - - - | দ্বা | রে | - |

| | | | |
|---|---|---|---|
| -া | -া | -া } | ‖ |
| - | - | - | ‖ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| { সা | গা | গা | মা | পা | মা<br>ধপমা | গা | মা | -া |
| আঁ | ধা | র | আ | সে | - - - | ঘি | রে | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| -া | -া | া | মা | -ণা | ণা | ণা | -া | র্সণা |
| - | - | - | ন | -ভো | - | নী | - | - - |
| ধা | -া | পা | মা | গা | গা | মা | ধা | ধা |
| লে | - | - | - | - | র | হৃ | দ | য় |
| ণা | র্সা | র্র্সণা | ধা | ধর্সা | ণর্সধা | পা | -া | -া } |
| সা | গ | - - র | তী | - - | - - - - | রে | - | - } |
| { পা | পা | ধা | না | র্সা | রসা | না | র্সা | -র্া |
| { কু | সু | ম | ব | নে | -র | মা | ঝে | - |
| -র্া | -র্া | -র্া | র্সা | -র্জ্ঞা | র্জ্ঞা | র্রা | র্জ্ঞা | র্জ্ঞা |
| - | - | - | কে | - - | এ | লো | আ | জ |
| র্রা | -র্মা | জ্ঞা | র্রা | র্সা | র্র্সা | না | র্সা | -র্া |
| মৌ | - - | ন | নি | থ | -র | সাঁ | ঝে | - |
| (না) র্সা | পা | র্সা | র্সা | র্সা | ণা | ধা | পা | ধণা |
| - | কা | র | ব্যা | কু | ল | রো | দ | -ন |
| পধা | পা | -া | -া | -া | -া | মা | রা | রা |
| ভা- | রে | - | - | - | - | জী | - | র্ণ |
| মা | মা | -াপা | পা | -া | -ধা | ধা | -া | -ণা |
| পা | তা | - - | যা | - | -য় | যা | - | -য় |
| পা | -র্সা | র্সা | ণা | ধা | পধণা | পধা | পা | -া |
| যা | -য় | যে | তা | রি | - - - | দ্বা- | রে | - |
| -া | -া | -া } ‖ | | | | | | |
| - | - | - } ‖ | | | | | | |

# উলূপী

---

অর্জ্জুনের ঔরসজাত এবং নাগরাজকন্যা উলূপীর গর্ভজাত পুত্র ইলাবন্ত মাতাকে রক্ষার জন্য বনের জন্তুদের নির্ম্মূল কর্‌তে উদ্যত হন; কারণ পতি-বিরহে নাগকন্যা উলূপী অরণ্যে-অরণ্যে ঘুরে বেড়াতেন। এই নৃশংস আচরণ থেকে প্রতিনিবৃত্ত করবার জন্যে নারদ ইলাবন্তকে একটা মণি দান কর্‌লেন - যে মণি কাছে থাক্‌লে হিংস্র-জন্তুরা কোন অনিষ্ট কর্‌তে পারবে না।

উলূপীকে ইলাবন্ত এই মণি প্রদান কর্‌লে। উলূপী নারদের কাছে শুন্‌লে—কুরুক্ষেত্রের যুদ্ধ শীঘ্রই আরম্ভ হবে এবং ইলাবন্ত ও অর্জ্জুনের মৃত্যুর কারণ হবে—উলূপী নিজে।

ইলাবন্ত কুরুক্ষেত্রের যুদ্ধে গেল। উলূপী পাগলিনীর মত ঘুরে বেড়ান। বৃদ্ধ নাগরাজ অনন্ত অত্যন্ত ব্যথিত হ'য়ে ওঠেন।

উলূপী নিজে স্বামী ও পুত্রের মৃত্যুর কারণ হ'য়ে উঠবেন ব'লে—গঙ্গার জলে জীবন জলাঞ্জলি দিতে প্রস্তুত হন। কিন্তু সেই সময়ে ভীষ্মনিপাতের জন্য অর্জ্জুনের প্রতি গঙ্গাদেবীর অভিশাপ শুন্‌তে পেলেন—উলূপী। তাঁর নারী-চিত্ত প্রতিহিংসার আগুনে জ্বলে উঠলো। তিনি প্রাণ বিসর্জ্জন দিলেন না।

এ-দিকে কুরুক্ষেত্র যুদ্ধের শেষে যুধিষ্ঠির অশ্বমেধ যজ্ঞ অনুষ্ঠান করেন। সেই যজ্ঞ-অশ্বের রক্ষক হ'য়ে—অর্জ্জুন ইলাবন্ত ও বৃষকেতুকে নিয়ে বিজয়-যাত্রা কর্‌লেন। অর্জ্জুন-পত্নী মণিপুর-রাজকন্যা চিত্রাঙ্গদার গর্ভজাত বভ্রুবাহন সেই অশ্বের গতিরোধ কর্‌লে। এর ফলে ভীষণ যুদ্ধ বাধলো।

এই যুদ্ধে অর্জ্জুন ও ইলাবন্ত নিহত হন। পতিপ্রাণা উলূপী নারদ-প্রদত্ত মণির সাহায্যে অর্জ্জুনকে পুনর্জ্জীবন দান করেন।

---

## পাত্র ও পাত্রীগণ

| | | | |
|---|---|---|---|
| শ্রীকৃষ্ণ | | | |
| অর্জ্জুন | ... | ... | শ্রীসত্য দত্ত |
| সাত্যকি | ... | | শ্রীশিবকালি চট্টোপাধ্যায় |
| বভ্রুবাহন | ... | ... | শ্রীধীরেন দাস |
| ভব } ব্যাস | ... | ... | শ্রীবিজন বসু |
| বৃষকেতু | ... | ... | শ্রীহীরেন বসু |
| অনন্ত | ... | ... | শ্রীরবি রায় |
| ইলাবন্ত | ... | | শ্রীভূপালচন্দ্র মুখোপাধ্যায় |
| লগন | ... | ... | শ্রীসন্তোষ দাস |
| যুধিষ্ঠির | ... | ... | শ্রীপঙ্কজ মল্লিক |
| পুণ্ডরীক | ... | ... | |
| নারদ | ... | ... | শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী |
| গঙ্গা | ... | ... | মিস্ বীণাপাণি |
| উলূপী | ... | ... | " নিভাননী |
| চিত্রাঙ্গদা | ... | ... | " লাইট্ |

---

## উলূপী

### প্রথম অঙ্ক

১ম দৃশ্য—বন

বালকগণ, নারদ, ইলাবন্ত ও উলূপী

২য় দৃশ্য—নাগরাজের প্রাসাদ

অনন্ত, ইলাবন্ত ও উলূপী

৩য় দৃশ্য—রাজবাটী

লগন, অনন্ত, নারদ ও উলূপী

৪র্থ দৃশ্য—নগরপ্রান্ত

ইলাবন্ত, উলূপী, অনন্ত, নারদ, মন্ত্রী ও পুণ্ডরীক

৫ম দৃশ্য—মণিপুর

গঙ্গা, বালকগণ, চিত্রাঙ্গদা, সেনাপতি, ইলাবন্ত, বভ্রুবাহন ও নারদ

৬ষ্ঠ দৃশ্য—গঙ্গাতীর

উলূপী, ভব ও গঙ্গা

—

## দ্বিতীয় অঙ্ক

১ম দৃশ্য—হস্তিনা

ব্যাস, যুধিষ্ঠির, শ্রীকৃষ্ণ, অর্জ্জুন, ইলাবন্ত, বৃষকেতু, সৈন্য ও নারদ

২য় দৃশ্য—শ্মশান

নিয়তি, উলূপী, জাহ্নবী, অর্জ্জুন, সাত্যকি, ইলাবন্ত ও নারদ

৩য় দৃশ্য—বন

অনন্ত, উলূপী, ইলাবন্ত, বৃষকেতু ও সৈনিক

৪র্থ দৃশ্য—পূজাঘর

বভ্রুবাহন, উলূপী, সেনাপতি, সৈনিক

—

## তৃতীয় অঙ্ক

১ম দৃশ্য—পাণ্ডব-শিবির

সাত্যকি, অর্জ্জুন, বৃষকেতু

২য় দৃশ্য—রাজকক্ষ

চিত্রাঙ্গদা, সেনাপতি ও বভ্রুবাহন

৩য় দৃশ্য—শিবির

অর্জ্জুন, ইলাবন্ত, সাত্যকি, বৃষকেতু, বভ্রুবাহন, উলূপী ও সেনাপতি

৪র্থ দৃশ্য—পূজামন্দির

বভ্রুবাহন ও গঙ্গা

৫ম দৃশ্য—শিবির-সম্মুখ

উলূপী, ইলাবন্ত, বভ্রুবাহন

—

## চতুর্থ অঙ্ক

১ম দৃশ্য—বনের একাংশ

ইলাবন্ত, অর্জ্জুন, সাত্যকি, অনন্ত, উলূপী, লগন, বভ্রুবাহন ও বৃষকেতু

২য় দৃশ্য—উপত্যকা

অর্জ্জুন, ইলাবন্ত, সারথি ও অনন্ত

৩য় দৃশ্য—রণভূমি

ইলাবন্ত, উলূপী, বভ্রুবাহন, অনন্ত, জাহ্নবী, লগন

৪র্থ দৃশ্য—রণভূমির অপরাংশ

ইলাবন্ত, উলূপী, নিয়তি, বভ্রুবাহন, অনন্ত, লগন, জাহ্নবী, অর্জ্জুন, চিত্রাঙ্গদা ও নারদ

—

রেডিও সেট্ রাখা আজকাল কেবলমাত্র সখের জন্য নয়—অবসাদ জীবনে আনন্দ দান করিতে

সেনোলা মেনসেট্

কেবলমাত্র ইলেট্রিক্ প্লাগে লাগাইলেই বাজিবে এবং বেতারের আমোদ প্রমোদে আপনার সম অবসাদ দূর করিবে।

মূল্য :—১০০৲ টাকা মাত্র।

এন, বি, সেন এণ্ড ব্রাদার্স

"রেডিও হাউস"

রেডিও ডিপার্টমেণ্ট
২১নং চৌরঙ্গী কলিকাতা
ফোনঃ কলিকাতা ৩:৪৫

মিউজিক ডিপার্টমেণ্ট
১১নং এসপ্ল্যানেড ইষ্ট, কলিকাতা।
ফোনঃ কলিকাতা ৫৩৭৫।

# মুক্তি

( গল্পাংশ )

কুশধ্বজ দরিদ্র কৃষ্ণ-ভক্ত ব্রাহ্মণ। ভিক্ষালব্ধ অন্নে তাঁর জীবন কাটে। তাঁর স্ত্রী মানসী তাঁরই মত শ্রীকৃষ্ণের ধ্যানেই মগ্ন থাক্‌তেন। ক্রমে কুশধ্বজের দারিদ্র্য-দুঃখ এতদূর বেড়ে উঠলো যে, সে ঈশ্বরকে মান্‌তে চাইলে না। মনের যে দুই বৃত্তি আছে—প্রবৃত্তি ও নিবৃত্তি,—এই দুই বৃত্তির মধ্যে প্রবৃত্তিকে সঙ্গিনী ক'রে ব্রাহ্মণ ঐশ্বর্য্যশালী হ'য়ে উঠলেন; আর মানসী নিবৃত্তির সহায়ে ভগবানের চরণেই প্রাণ উৎসর্গ করতে ক্ষান্ত হলেন না।

ছদ্মবেশে শ্রীকৃষ্ণ ও নারদ এলেন কুশধ্বজের দ্বারে ভিক্ষা কর্‌তে এবং তাঁদেরই অমঙ্গল কামনায় তাঁর স্ত্রী-পুত্রের মৃত্যু হলো। কুশধ্বজ কুষ্ঠব্যাধিতে আক্রান্ত হলেন। অবশেষে তিনি শ্রীকৃষ্ণের নামগান ক'রে—মুক্তিলাভ করলেন।

---

### পাত্র ও পাত্রীগণ

| | |
|---|---|
| শ্রীকৃষ্ণ | শ্রীহীরেণ বসু |
| নারদ | শ্রীশিবকালি চট্টোপাধ্যায় |
| কুশধ্বজ | শ্রীরবি রায় |
| রায়শঙ্কর | শ্রীসত্য দত্ত |
| মানসী | মিস্ বীণাপাণি |
| প্রবৃত্তি | মিস্ লাইট্ |
| নিবৃত্তি | |

---

### দৃশ্য

( ১ )

কুটীর

কুশধ্বজ, মানসী, নারদ, প্রবৃত্তি ও নিবৃত্তি

( ২ )

বনপথ

মানসী, নিবৃত্তি, প্রবৃত্তি, কুশধ্বজ ও ছদ্মবেশী কৃষ্ণ

( ৩ )

কাছারী

কুশধ্বজ ও রায়শঙ্কর

( ৪ )

বহির্ব্বাটী

মানসী, প্রবৃত্তি ও নিবৃত্তি

( ৫ )

বনপথ

ছদ্মবেশী কৃষ্ণ, নারদ, প্রবৃত্তি ও নিবৃত্তি

( ৬ )

পথ

কুশধ্বজ, রায়শঙ্কর, প্রবৃত্তি ও নিবৃত্তি

( ৭ )

কুশধ্বজের বাড়ী

কুশধ্বজ, মানসী ও নিবৃত্তি

( ৮ )

কুটীর

নারদ, শ্রীকৃষ্ণ, প্রবৃত্তি, নিবৃত্তি, কুশধ্বজ ও মানসী

( ৯ )

বন

কুশধ্বজ, নিবৃত্তি ও শ্রীকৃষ্ণ

---

# কুহকী

'কুহকী'—তিনটি অঙ্কে সমাপ্ত—গীতিনাটিকা। গন্ধর্ব্বগণ এই নাটিকার পাত্র-পাত্রী। পৃথিবীর মানুষের মতই গন্ধর্ব্ব-যুবক-যুবতীর সুখ-দুঃখ বিরহ-মিলন এই নাট্যে চিত্রিত হ'য়েছে।

প্রথমেই কাম্য-কাননের দৃশ্য। সেই কাননে গন্ধর্ব্ব-রাজপুত্র সুন্দর ও তা'র সখা মলয়, এবং গন্ধর্ব্বকন্যা

সোহাগ ও তা'র সখী চন্দনা—বেড়াতে আসে। তা'দের অভিপ্রায় সেই কাম্যবনের দেবতার কাছে—তা'রা আপন আপন কামনা পূর্ণ ক'র্‌বার জন্যে—বর মেগে নেবে। সুন্দর ভালোবাসে সোহাগকে, এবং মলয় চন্দনার প্রণয়প্রার্থী। কিন্তু সুন্দর ও সোহাগ বাল্যকাল থেকেই ভ্রাতা-ভগিনীর মত খেলা ক'রে এসেচে; এখন তা'দের মাঝে লজ্জার অন্তরাল। এদিকে সুন্দর-সোহাগের বিবাহ-মিলন না হ'লে—চন্দনা মলয়কে বরণ ক'রবে না—এই তা'র পণ।

সেই বনে কুহকী ও কুহকিনী—উপস্থিত হোলো। চন্দনা কুহকিনীর গুণের কথা শুনে'—তাঁর মনের অভিলাষ জানালে। কুহকিনী অতি সহজভাবেই সে প্রস্তাবটী নিতে, কুহকী তা'র দর্পচূর্ণ ক'রতে উদ্যত হোলো। কুহকী ও কুহকিনীর মধ্যে আরম্ভ হোলো যাদু-বিদ্যার শক্তিপরীক্ষা। কুহকী ভার নিলে সুন্দর ও সোহাগের মিলন করিয়ে দিতে, এবং কুহকিনী নিলে মলয় ও চন্দনার মিলনের ভার।

কুহকী চন্দনাকে যাদু ক'রে মলয়ের কাছ থেকে সরিয়ে নিয়ে যাবার জন্যে অনুচর রঞ্জনকে নিযুক্ত ক'রলে। কুহকী চন্দনার ওপর এমন কুহকের ঘোর লাগালে—যে চন্দনা মলয়কে চিন্‌তে পারলে না। এদিকে কুহকিনী সুন্দরকে বিস্মৃতির ঘোর লাগিয়ে সোহাগের প্রতি বিতৃষ্ণা জাগিয়ে দেবার চেষ্টা ক'রতে লাগলো; এবং এ-কার্য্যে সহায় হোলো - তা'র সহচরী হেনা।

দু'জনারই কুহকবিদ্যারগুণে সকল প্রয়াস ব্যর্থ হোলো। কেউই পরাভব মানে না। কুহকের অত্যাচারে প্রেমিক-প্রেমিকাদের বিচ্ছেদ-দুঃখ যথেষ্ট সহ্য ক'রতে হোলো। বনদেবী সেই কুহক-কুঞ্জকে মিলনের বাসরে পরিণত করলেন।

সকলেরই মনের ভুল ও অবসাদ মিলন মঙ্গলে ঘুচে গেলো। সেই মিলন-বাসরে কুহকী কুহকিনীও উপস্থিত হোলো। সেইদিন থেকেই "প্রেম পরম কুহকী"—ব'লেই ঘোষিত হ'য়ে আস্‌চে। কুহকী ভরতবাক্য উচ্চারণ ক'রে এই নাটিকার যবনিকা টেনে' দিলে।

---

## পাত্র-পাত্রীগণ

| | |
|---|---|
| সুন্দর | গন্ধর্ব্বরাজকুমার |
| মলয় | সুন্দরের সখা |
| কুহকী | যাদুকর |
| রঞ্জন | কুহকীর অনুচর |
| সোহাগ | গন্ধর্ব্বকন্যা |
| চন্দনা | সোহাগের সখী |
| কুহকিনী | যাদুকরী |
| হেনা | কুহকিনীর অনুচরী |
| বনদেবী | |

বনবালাগণ ও সখীগণ

কার্য্যসংযোগস্থল—কাম্যবন ও তৎপার্শ্বস্থিত উপবন

ঘটনাকাল—বাসন্তী পূর্ণিমারাত্রি

| | |
|---|---|
| সুন্দর | শ্রীধীরেন দাস |
| মলয় | শ্রীশিবকালি চট্টোপাধ্যায় |
| কুহকী | শ্রীপঙ্কজ মল্লিক |
| রঞ্জন | শ্রীহীরেণ বসু |
| সোহাগ | মিস্ লাইট্ |
| চন্দনা | মিস্ বীণাপাণি |
| কুহকিনী | মিস্ আঙ্গুরবালা |

---

# কুহকী

অর্কেষ্ট্রা

## প্রথম অঙ্ক

দৃশ্য—কাম্যবন

সখীগণ, মলয় ও চন্দনা, সুন্দর ও সোহাগ, একদিক দিয়ে কুহকী ও রঞ্জন, অপর দিক দিয়ে কুহকিনী ও হেনা

অর্কেষ্ট্রা

# A BIG DROP IN VALVE PRICES

| | | |
|---|---|---|
| H | 210 | 5/8 |
| HL | ,, | 5/8 |
| L | ,, | 5/8 |
| P | 220 | 7/4 |
| PX | 240 | 8/- |
| SG | 215 | 12/8 |
| PT | 225 | 12/8 |
| PT | 240 | 16/- |
| H | 410 | 5/8 |
| HLD | 410 | 5/8 |
| L | 410 | 5/8 |




| | | |
|---|---|---|
| P | 410 | 7/4 |
| P | 425 | 8/- |
| SG | 410 | 12/8 |
| PT | 425 | 16/- |
| H | 610 | 5/8 |
| HLD | 610 | 5/8 |
| L | 610 | 5/8 |
| P | 610 | 7/4 |
| P | 625 | 8/- |
| P | 625A | 8/- |
| PT | 625 | 18/8 |

# LISSEN

USE THE VALVES THAT THE EXPERTS USE

## NEW PROCESS VALVES

"LISSEN" YOUR GUARANTEE

## AVAILABLE FROM ALL RADIO DEALERS.

LISSEN LIMITED ISLEWORTH MIDDLESEX,

দ্বিতীয় অঙ্ক

দৃশ্য—কাম্যবনের পার্শ্বস্থিত উপবন

কুহকী ও রঞ্জন, কুহকিনী ও হেনা, চন্দনা, সুন্দর,
মলয়, সোহাগ, সখীগণ

অর্কেষ্ট্রা

—

তৃতীয় অঙ্ক

দৃশ্য—গোলাপকুঞ্জ

বনবালাগণ, সোহাগ ও কুহকী, সুন্দর, কুহকিনী ও মলয়, চন্দনা, এক দিকদিয়ে কুহকী ও অপর দিক দিয়ে কুহকিনী, রঞ্জন, বনবালাদ্বয়, হেনা, বনদেবী ও বনবালা, বনবালাগণ

মিলন-মঙ্গল ও কুহকীর ভরতবাক্য

শেষ

—

## বেতার-বার্ত্তা

বেতার এখন নিখিল জগতে দৈনন্দিন জীবন-যাপনের ... ণিত ... কটে ... স্থটী ... ার ... ক- ... ই, ... হ ... - ... ।

দূর পর্য্যন্ত—আর আলোর গতিও অত্যন্ত দ্রুত। শব্দের গতি আলোর তুলনায় মন্থর। মানুষের আবিষ্কৃত বেতারে আলো ও শব্দের গুণসমন্বয় সাধিত হ'য়েছে। এই বেতার-বার্ত্তা অনেক অনেক দূরে দূরান্তরে যেতে পারে—গতির বেগ ঠিক আলোরই মত। এর ওপর শব্দের ঢেউএর মত সাম্‌নে বাধা পেলেও ঘুরে-বেঁকে যেতে পারে—তখন এ-র অপ্রতিহত গতি। বেতার-তরঙ্গ আলোর ন্যায় কেবলমাত্র ইথরের তরঙ্গ, প্রভেদ এই যে বেতার-তরঙ্গ আলোক-তরঙ্গ অপেক্ষা বহুগুণে দীর্ঘ। আলোক-তরঙ্গের দৈর্ঘ্য—এক ইঞ্চির লক্ষভাগের এক-ভাগ। বেতার-তরঙ্গ—একশো, দু'শো, এক হাজার, দু'হাজার ফিট্ দীর্ঘ। একটী তরঙ্গের শীর্ষ থেকে পরবর্ত্তী তরঙ্গের শীর্ষ পর্য্যন্ত যে-দূরত্ব—তা'কেই তরঙ্গের দৈর্ঘ্য বলা হয়।

ইথরের যে ঢেউ তোলা হয়, বা ঢেউ ধরা হয়—তা' সবই বিদ্যুতের খেলা। তাই আবিষ্কারের কথা ব'ল্‌তে গেলেই—বিদ্যুৎ সম্বন্ধে যে-মনীষী বিশেষ কার্য্য

শীতের প্রসাধনেই নূতন সাবানখানি মেখে দেখুন




JADAVPUR SOAP WORKS.

ক'রেছিলেন—সর্ব্ব প্রথমেই তাঁর আলোচনা হওয়া দরকার। তিনি মাইকেল ফ্যারাডে। ফ্যারাডে দপ্তরীর ছেলে; নিজের তীক্ষ্ণ বুদ্ধি ও উদ্যমের ফলে বিজ্ঞান-ক্ষেত্রে অভিনব কীর্ত্তি রেখে গেছেন। যে-কোনো বস্তুতে বিদ্যুৎসঞ্চারিত হ'লে যে আকাশে টান পড়ে—এ-তথ্য ফ্যারাডের মনোযোগ আকর্ষণ করে। ইথরে এই যে আকর্ষণ-বিকর্ষণের ব্যাপার—তা'রই পরিকল্পনা ফ্যারাডের মাথায় এসেছিল। বৈজ্ঞানিক অনেকেই এ কথা মেনে নিলে' না। কিন্তু কেম্ব্রিজের অধ্যাপক ক্লার্ক ম্যাক্সোয়েল্—গণিত-সিদ্ধ প্রমাণ-দ্বারা সিদ্ধান্ত ক'র্লেন—যে ফ্যারাডের পরিকল্পনা অগ্রাহ্য ক'রবার নয়। ম্যাক্সোয়েল্ আরও দেখালেন যে কোনও স্থিতি-স্থাপক বস্তু নিয়ে টানাটানি ক'রলে যেমন ঢেউ উঠ্তে থাকে, সেই রকম ইথরে বৈদ্যুতিক আকর্ষণ-বিকর্ষণের ফলে তরঙ্গের উদ্ভব হয়। তিনি আরও বলেন যে ইথরে এই বৈদ্যুতিক মোচড়ের ঢেউ আলোর মত সেকেণ্ডে ১৮০,০০০ মাইল বেগে ছুটে চলে। ম্যাক্সোয়েলের কথায় বৈজ্ঞানিকদের দলে সাড়া প'ড়ে যায়। কিন্তু তাঁর অল্পবয়সেই মৃত্যুর জন্য, তাঁর প্রমাণ পরীক্ষার দ্বারা সিদ্ধ ক'রে যেতে পারেন নি। সেই প্রমাণ কার্য্যে পরিণত করেন—জার্ম্মান বৈজ্ঞানিক হার্ৎজ্। বৈদ্যুতিক তরঙ্গ কী উপায়ে অল্পায়াসেই তোলা যায়—তাই তিনি সর্ব্বপ্রথমে প্রদর্শন ক'রলেন। হার্ৎজ প্রমাণ ক'রতে সমর্থ হ'লেন—যে—বিদ্যুৎ-তরঙ্গের আলোক-তরঙ্গেরই মত প্রতিক্ষেপণ ( Reflection ) ও দিগ্বর্ত্তন ( Refraction ) হ'য়ে থাকে। পদার্থ-বিজ্ঞানের অন্তর্ভুক্ত আলোকতত্ত্ব ও বিদ্যুৎতত্ত্ব; এ-তথ্যও সকলের কাছে প্রকাশিত হ'য়ে প'ড়লো। এই দুই বস্তুই প্রায় একপ্রকারের। ইথরে যদি অতি ক্ষুদ্র তরঙ্গ ওঠে—তা'কে বলা হয় আলোক-তরঙ্গ, আর অত্যন্ত দীর্ঘ হ'লে - তা'কে বিদ্যুৎ-তরঙ্গ ব'লেই অভিহিত করা হয়।

এই সকল হোলো বিজ্ঞানের গবেষণা। কিন্তু এ-গবেষণার কী মূল্য হ'তে পারে—যদি বিশ্বমানবের জীবন-যাত্রায় কোনো কাজে না লাগে? বৈজ্ঞানিক ক্ষেত্রে নূতন নূতন তথ্য-আবিষ্কারের যতই মূল্য থাকুক না কেন—জনমানবের কাছে তা'র মূল্য তখনই হ'তে পারে—যখন এ-সমস্ত আবিষ্কার তা'দের দৈনন্দিন কার্য্যে বা অকার্য্যে লাগে।

মার্কনি পূর্ব্ববর্ত্তী বৈজ্ঞানিকের আবিষ্কৃত তথ্য ও যন্ত্র গ্রহন ক'রে—মানুষের কাজে লাগাতে সমর্থ হ'য়েছেন। পূর্ব্ব-প্রবন্ধেই উল্লেখ করা হ'য়েছে—যে—মার্কনি বিদ্যুৎ-তরঙ্গ তোল্বার যন্ত্র Scillator, aerial, আর গ্রাহক-যন্ত্র Coherer—এইগুলির সমন্বয় ক'রে—বেতার-বার্ত্তার আদান-প্রদানের সুন্দর উপায় আবিষ্কার ক'রলেন। এই বেতার আবিষ্কারের জন্যে মার্কনি নোবেল্ প্রাইজ পেয়েছিলেন। তাঁর এই অমর দান আজ সভ্যজগৎকে চমৎকৃত ক'রে দিয়েছে; এবং এই বেতারের আবিষ্কারে যে অভূতপূর্ব্ব উপকার সাধিত হচ্ছে—সে-সম্বন্ধে বিশ্ব-মানব অজ্ঞাত নয় পরবর্ত্তী সংখ্যায় মার্কনির আবিষ্কারের ও তাঁর জীবনীর বিবরণ দোবো।

## শনিবার ১৭ই জানুয়ারী ১৯৩১

৩রা মাঘ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮-১৫ সময় ঘোষণা

—

প্রভাতবার্ত্তা

—

ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

২টা সময় ঘোষণা

—

মহিলা মজলিস

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা

বিষয়—হাসির গল্প

মহিলাদের রচনা ও চিঠি পত্র পাঠ

—

৩টা সময় ঘোষণা

—

### সান্ধ্য অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৭টা ঘোষণা

—

( যন্ত্র-সঙ্গীত )

"এক্স"-অর্কেষ্ট্রা

( শ্রীরাইচাঁদ বড়ালের নেতৃত্বে )

—

৭-১৫ ( আধুনিক বাংলা গান )

শ্রীসুধামাধব সেনগুপ্ত

শ্রীহীরেন্দ্র কুমার বসু

রপদ চট্টোপাধ্যায়

—

৭-৪৫ ( উর্দ্দু গান )

মিস্ ঊষারাণী

—

৮-১০ ( সাধারণ বাংলা গান )

শ্রীভোলানাথ দে

শ্রীতারাপদ চক্রবর্ত্তী

মিঃ কে, মল্লিক

—

৮-৪৫ ( যন্ত্র-সঙ্গীত )

"এক্স"-অর্কেষ্ট্রা

( শ্রীরাইচাঁদ বড়ালের নেতৃত্বে )

—

৯টা আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজারদর, পাট ও গানির দর জ্ঞাপন

—

৯-৩০ ইউরোপীয় প্রোগ্রাম

—

WHY NOT LEARN TO PLAY A MUSICAL INSTRUMENT YOURSELF?




It is no doubt pleasant to listen-in Wireless Music but it will be infinitely more so if you can produce music yourself

We have a varied selection of Musical Instruments to choose from and invite inquiries

Dwarkin & Son

Telegrams MUSICAL
Telephone 1051

CALCUTTA.
8. Dalhousie Square, East.

নৃত্য-সঙ্গীত

—

১১টা সময় ঘোষণা

—

God Save the King Emperor

—

শেষ

—

## রবিবার, ১৮ই জানুয়ারী, ১৯৩১

৪ঠা মাঘ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাতবার্ত্তা

—

৮-৪০ ( সাধারণ বাংলা ও হিন্দী গান )

শ্রীপঙ্কজ কুমার মল্লিক

শ্রীকালিপদ পাঠক

মিস্ মাণিকমালা

শ্রীকৃষ্ণচন্দ্র দে

—

৯-৪৫ ( যন্ত্র-সঙ্গীত )

ছোটে খাঁ—সারেঙ্গী

—

১০টা সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

১১-৩০ সময় ঘোষণা

—

"অর্কেষ্ট্রা"

—

১টা সময় ঘোষণা

—

### সান্ধ্য অনুষ্ঠান

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

৬-৩০ সময় ঘোষণা

—

( সেণ্ট পল্‌স্ গির্জ্জে থেকে উপাসনা রীলে )

—

৮-৩০ আবহাওয়া ও সাধারণ সংবাদ জ্ঞাপন

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮টা ( সাধারণ বাংলা গান )

কুমারী সুধা ঘোষ

কুমারী সুধীরা দাসগুপ্ত

কুমারী শীলাবতী হাজরা

—

৮-৩০ ( যন্ত্র সঙ্গীত )

শ্রীমৃত্যুঞ্জয় দাস – বেহালা

—

৮-৪০ ( হিন্দী গান )

তাফজ্জল হোসেন

—

৯টা ( কৌতুক কথা ও গান )

শ্রীনলিনীকান্ত সরকার

শ্রীজিতেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়

শ্রীকালিপদ বন্দ্যোপাধ্যায়

শ্রীহরিদাস বন্দ্যোপাধ্যায়

—

৯-৪০ ( সাধারণ বাংলা গান )

দ্বৈতগান

মিস্ প্রফুল্লবালা

মিস্ আবীরাবালা

—

( অম্বফিক্ ক্লাব সিম্‌ফণি অর্কেষ্ট্রা সহযোগে

ডি, এন্ , দাসের নেতৃত্বে )

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor

শেষ

—

## সোমবার, ১৯শে জানুয়ারী ১৯৩১

৫ই মাঘ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

৮-১৫ সময় ঘোষণা

—

প্রভাতবার্ত্তা

—

ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

১-১৫ সময় ঘোষণা

—

স্পনসার্ড প্রোগ্রাম

—

ভারতীয় প্রোগ্রাম

—

২টা মহিলা মজলিস

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা

বিষয়—দেশীয় ঐতিহাসিক তথ্য

মহিলাদের রচনা ও চিঠি পত্র পাঠ

—

৩টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৩০ সময় ঘোষণা

—

সান্ধ্য অনুষ্ঠান

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

৬-৩০ সময় ঘোষণা

—

৭-৩০ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর, পাট ও গানরি দর জ্ঞাপন

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮টা অভিনয় রজনী

—

বেতার নাট্যকে দল কর্ত্তৃক নির্ব্বাচিত নাটকের দৃশ্যাভিনয়

(বিরাম সময়ে অবনী মুখোপাধ্যায়ের নেতৃত্বে রেডিও অর্কেষ্ট্রা)

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor

শেষ

—

## মঙ্গলবার ২০শে জানুয়ারী ১৯৩১

৬ই মাঘ, ১৩৩৭

—

প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ সময় ঘোষণা

—

প্রভাতবার্ত্তা

—

ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—


রুবি এণ্ড কোং

৩০০, বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ফোন :—কলিকাতা, ৪১০৫।

আমাদের এখানে সকল ভাষার রেকর্ড এবং সর্ব্বপ্রকার গ্রামোফোন, হারমোনিয়ম, এস্রাজ ও অন্যান্য বাদ্যযন্ত্র বিক্রয় হয়। একবার সোরুমে পদার্পণ করিয়া বাধিত করিবেন।



৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

১-১৫ সময় ঘোষণা

—

১-৪৫ রোটারী ক্লাব রীলে

—

২-৩০ ভারতীয় প্রোগ্রাম

—

মহিলা মজলিস
বক্তা— শ্রীঅমূল্য চরণ ভট্টাচার্য্য
বিষয়—কথকতা

—

৩-৩০ সময় ঘোষণা

—

বৈকালিক অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৫-৩০ সময় ঘোষণা

—

ছোটদের বৈঠক
বক্তা—গল্পদাদা

—

সান্ধ্য অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৭টা সঙ্গীত শিক্ষা দান
৭-৩০ ( বাংলা গান )
মিস্ বীণাপাণি
শ্রীকৃষ্ণচন্দ্র দে

—

৮টা ( যন্ত্র-সঙ্গীত )
শ্রীসিদ্ধেশ্বর দাস—হারমোনিয়ম্
আপতাবউদ্দিন ফকির—স্বরসংগ্রহ
ছোটে খাঁ—সারেঙ্গী

—

৯টা আবহাওয়া , সাধারণ সংবাদ, বাজার দর, পাট ও গানির দর জ্ঞাপন

—

৯-৩০ ইউরোপীয় প্রোগ্রাম

—

১০-৩০ সময় ঘোষণা
God Save the King Emperor

—

শেষ

—

## বুধবার ২১শে জানুয়ারী, ১৯৩১
## ৭ই মাঘ, ১৩৩৭

—

প্রাতঃকালীন অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮-১৫ সময় ঘোষণা

—

প্রভাতবার্ত্তা

—

ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

১-১৫ সময় ঘোষণা

—

ভারতীয় প্রোগ্রাম

—

২টা মহিলা মজলিস
বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা
বিষয়—বিবিধ প্রসঙ্গ
মহিলাদের রচনা চিঠি পত্র পাঠ

—

৩টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৩০ সময় ঘোষণা

## সান্ধ্য অনুষ্ঠান

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

৬-৩০ সময় ঘোষণা

—

ষ্টুডিও কনসার্ট

—

৭-৩০ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর, পাট ও গাঁনির দর জ্ঞাপন

—

ভারতীয় প্রোগ্রাম

৮টা দক্ষিণ-ভারতী সঙ্গীত

—

৮-৩০ ( আধুনিক ও সাধারণ বাংলা গান )
মিস্ প্রফুল্লবালা
শ্রীগোপাল চন্দ্র সেনগুপ্ত

—

৮-৫৫ ( উর্দ্দু গান )
মিস্ আভাবতী
নান্নে সাহেব
আবদুল আজিজ খাঁ
মিস্ মাণিকমালা

—

৯-৪৫ ( যন্ত্র-সঙ্গীত )
ডি, মল্লিক—এস্রাজ

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor.

—

শেষ

—

## বৃহস্পতিবার ২২শে জানুয়ারী ১৯৩১
### ৮ই মাঘ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮-১৫ সময় ঘোষণা

—

ভারতীয় গ্রামোফোন্ রেকর্ড

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

সময় ঘোষণা

—

২টা ভারতীয় প্রোগ্রাম

—

মহিলা মজলিস্
বক্তা—বিষ্ণুশর্ম্মা
বিষয়—ইংরাজ কবি মিল্টনের পরবর্ত্তী কবিগণ ;
মহিলাদের রচনা ও চিঠিপত্র

—





বেতারের আমোদ প্রমোদের
আনন্দ যখন পেতেই চান তখন
আমাদের সোরূমে একবার পদার্পণ করুন। নানারকমের বেতারযন্ত্র ও সাজ সরঞ্জাম আমরা সর্ব্বদা মজুত রাখি ও সকল প্রকার যন্ত্রাদি মেরামতের কাজ আমরা সুবিধায় সুন্দরভাবে করিয়া থাকি। একবার পরীক্ষা করিয়া দেখিতে দোষ কি ?

ডেরাডিও কোম্পানী
( সেণ্ট্রাল এভিনিউএর উপর )
৫।১, কেণ্ডারডাইন লেন, কলিকাতা
ফোন নং বড়বাজার ৩১২৬

৩টা ভারতীয় গ্রামোফোন্ রেকর্ড

—

৩-৩০ সময় ঘোষণা

—

সান্ধ্য অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৭টা সময় ঘোষণা

—

বক্তৃতা

—

বক্তা—এম্ ঘোষ

বিষয়—রঙ্গমঞ্চ

—

৭-২০ ( বাউল গান )

শ্রীসত্যেন্দ্রনাথ ঘোষাল

—

৭-৩০ ( রামপ্রসাদী গান )

শ্রীকৃষ্ণচন্দ্র ঘোষ

—

৭-৪০ ( যন্ত্র-সঙ্গীত )

শ্রীঅশোক কৃষ্ণ ঘোষ—স্বরোদ

—

৮টা ( আধুনিক বাংলা গান )

মিস্ বীণাপাণি

আঙ্গুরবালা

—

৮-৩০ ( কীর্ত্তন গান )

মিস্ হরিমতি দাসী

—

৯টা আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর

পাট ও গানির দর জ্ঞাপন

—

৯-৩০ ইউরোপীয় প্রোগ্রাম

—

১১টা সময় ঘোষণা

—

God Save the King Emperor

শেষ

—

## শুক্রবার, ২৩শে জানুয়ারী, ১৯৩১

৯ই মাঘ, ১৩৩৭

—

প্রাতঃকালীন অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮-১৫ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

ভারতীয় গ্রামোফোন্ রেকর্ড

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

১-১৫ সময় ঘোষণা

—

২টা ভারতীয় প্রোগ্রাম

—

সময় ঘোষণা

—

মহিলা মজলিস্

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা

বিষয়—রহস্যজনক প্রশ্নের উত্তর ;

মহিলাদের রচনা ও চিঠিপত্র

—

৩টা ভারতীয় গ্রামোফোন্ রেকর্ড

—

৩-৩০ সময় ঘোষণা

—

ভারতীয় প্রোগ্রাম

—

বৈকালিক অনুষ্ঠান

—

৫-৩০ সময় ঘোষণা

—

ছোটদের বৈঠক

**বক্তা—গল্পদাদা**

—

৬-৩০ সময় ঘোষণা

—

**সান্ধ্য অনুষ্ঠান**

—

৭-৩০ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর,
পাট ও গানির দর জ্ঞাপন

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮টা অভিনয় রজনী
বেতার নাট্যকেদল কর্ত্তৃক
শ্রীদেবেন্দ্রনাথ বসু প্রণীত
"কুহকী"

—

১০-৩০ সময় ঘোষণা

—

God Save the King Emperor.

শেষ

—

## শনিবার, ২৪শে জানুয়ারী, ১৯৩১

১০ই মাঘ, ১৩৩৭

—

**প্রাত:কালীন অনুষ্ঠান**

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮-১৫ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

ভারতীয় গ্রামফোন্ রেকর্ড

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

**দ্বিপ্রাহরিক অনুষ্ঠান**

—

৯-১৫ সময় ঘোষণা

—

ভারতীয় প্রোগ্রাম

২টা সময় ঘোষণা
মহিলা মজলিস্

**বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা**

বিষয়—মিশরের বিশিষ্ট দৃশ্যাবলী ;
মহিলাদের রচনা ও চিঠিপত্র

—

**সান্ধ্য অনুষ্ঠান**

—

৩টা সময় ঘোষণা

—

ভারতীয় প্রোগ্রাম

—

৭টা সময় ঘোষণা

—

( যন্ত্র-সঙ্গীত )
শ্রীপবিত্র কুমার নন্দী—বাঁশী

—

৭-১০ ( আধুনিক বাংলা গান )
শ্রীসুশীল কুমার বসু
শ্রীহরিপদ চট্টোপাধ্যায়
শ্রীপঙ্কজ কুমার মল্লিক

—

৭-৪০ ( উর্দ্দু গান )
নান্নে সাহেব
আসফাক্ হোসেন

—

৮-১০ ( সাধারণ বাংলা গান )
শ্রীবিভূতি ভূষণ মুখোপাধ্যায়
শ্রীউমাপদ ভট্টাচার্য্য

—

৮-৪০ ( যন্ত্র-সঙ্গীত )
ছোটে খাঁ—সারেঙ্গী

—

৯টা আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর,
পাট ও গানির দর জ্ঞাপন

—

৯-৩০ ইউরোপীয় প্রোগ্রাম

—

১১টা সময় ঘোষণা
God Save the King Emperor.

শেষ

—

## রবিবার, ২৫শে জানুয়ারী, ১৯৩১
১১ই মাঘ, ১৩৩৭

প্রাতঃকালীন অনুষ্ঠান

ভারতীয় প্রোগ্রাম

৮-৩০ সময় ঘোষণা

প্রভাতবার্ত্তা

৮-৪০ ( সাধারণ বাংলা ও হিন্দী গান )
শ্রীরাইচাঁদ বড়াল—ভজন
কে মল্লিক
তাফজ্জল হোসেন
মিস্ উষারাণী

৯-৪০ ( যন্ত্র-সঙ্গীত )
শ্রীনৃপেন্দ্র নাথ মজুমদার—ক্লারিওনেট্

১০টা সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

১১-৩০ সময় ঘোষণা

১১-৫০ অর্কেষ্ট্রা

১টা সময় ঘোষণা

সান্ধ্য অনুষ্ঠান

ইউরোপীয় প্রোগ্রাম

৬-৩০ সময় ঘোষণা

( সেন্ট এণ্ডরুজ গির্জ্জা থেকে উপাসনা রীলে )

৭-৩০ আবহাওয়া ও সাধারণ সংবাদ জ্ঞাপন

ভারতীয় প্রোগ্রাম
কুমারী রমা মুখোপাধ্যায়

Telegram : "Radisyndi."
CALCUTTA.

বিজ্ঞানগৃহ :—ব: ৩১৯৮।
সোরুম, আফিস :—বড়বাজার ৪০৪৪।

**X' MAS**
**X' traordinary**

Plug into your D. C. house current and receive Calcutta, Bombay or Holland, Java etc. Complete with coils, Loud Speaker etc. Rs. 270/- and upwards.

১। ডি, সি, মেন্স্ সেট ও তিনটী ভালবযুক্ত বাক্স সমেত ৫৫৲।
২। বাড়ীর ইলেকট্রিক হইতে পূর্ব্ব ও পশ্চিমের দেশ বিদেশের গান বাজনা শোনবার সমস্ত সরঞ্জামসহ ২৭০৲ ও তদূর্দ্ধ।
৩। পূর্ব্ব ও পশ্চিমের গান বাজনা শোনবার জন্য ৩ ভালব শুদ্ধ ৯০৲।
৪। ,, ,, ,, ৪ ,, ২০০৲।
৫। ,, ৮ ,, ৩৫০৲।

Fresh consignment arrived
The World's Best
The Burgess Battery

রেডিও ফোন সিণ্ডিকেট
৫৭, ৫৯ চিত্তরঞ্জন এভিনিউ,
বৌবাজার মোড়।

RADIOPHONE SYNDICATE
57-59, Chittaranjan Avenue,
P. O. Bowbazar, Calcutta,

কুমারী প্রতিভা সেন
শ্রীমতী সরলা বালা মিত্র

—

৮-৩০ ( হিন্দী গান )
শ্রীকালিপদ পাঠক
শ্রীশৈলেন্দ্র নাথ ভট্টাচার্য্য

—

৯টা বেতার নাটুকে দল কর্ত্তৃক
নির্ব্বাচিত নাটকের দৃশ্যাবলী
( বিরাম সময়ে শ্রীঅবনী মুখোপাধ্যায়ের নেতৃত্বে
রেডিও অর্কেষ্ট্রা )

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor
শেষ

—

## সোমবার, ২৬শে জানুয়ারী, ১৯৩১
১২ই মাঘ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮-১৫ সময় ঘোষণা

—

প্রভাতবার্ত্তা

—

ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

১-১৫ সময় ঘোষণা

—

স্পনসার্ড প্রোগ্রাম

—

২টা ভারতীয় প্রোগ্রাম
মহিলা মজলিস
বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা
বিষয়—ইউরোপের ইতিহাস-প্রসিদ্ধ মহিলাগণ
মহিলা'দের রচনা ও চিঠি পত্র পাঠ

—

৩টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৩০ সময় ঘোষণা

—

### সান্ধ্য অনুষ্ঠান

—

৬-৩০ ইউরোপীয় প্রোগ্রাম

—

সময় ঘোষণা

—

৭-৩০ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর,

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮টা ( বৈঠকী গান )
শ্রীকাশীনাথ চট্টোপাধ্যায়
মিস্ মাণিকমালা

—

৮-৪০ ( নাটকের গান )
শ্রীহীরেন্দ্র কুমার বসু
শ্রীধীরেন্দ্র নাথ দাস
মিস্ বীণাপানি
মিস্ আঙ্গুরবালা
শ্রীকৃষ্ণচন্দ্র দে

—

৯-৪০ ( যন্ত্র-সঙ্গীত )
শ্রীরাজেন্দ্র নারায়ণ সেনগুপ্ত—স্বরোদ

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor
শেষ

—

# একবার শুনুন !!!

## সত্যই বিস্ময়কর !

আপনার গ্রাহকযন্ত্রে যদি সাধারণ ভ্যালব্ লাগান থাকে তাহোলে আপনার রেডিও বিক্রেতাকে একটি পেন্‌থোড্ ভ্যালব্ লাগাতে বলবেন তো! অদ্ভুত তার ফল। এত জোর, মিষ্টি আওয়াজ লাউডস্পীকার থেকে বেরুবে যা আপনি ইতিপূর্ব্বে কক্ষনো পাননি। সত্যি চমৎকার। এইটুকুই পেনথোডের বিশেষত্ব!

## ফিলিপ্‌স্ পেনথোড্ বি ৪৪৩

যা স্বরবৃদ্ধি করবে তার তুলনানেই। বেতারের মাধুর্য্য যে কি তা এটি ব্যবহার কল্লে'ই বুঝতে পারবেন।




PHILIPS RADIO

# PHILIPS

ফিলিপ্‌স্

# PARAGON POWER VALVE

প্যারাগন্ পাওয়ার ভ্যালব্

## মঙ্গলবার, ২৭শে জানুয়ারী ১৯৩১
১৩ই মাঘ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

৮-১৫ সময় ঘোষণা

প্রভাত বার্ত্তা

ভারতীয় গ্রামোফোন্ রেকর্ড

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

৯-১৫ সময় ঘোষণা

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

ইউরোপীয় প্রোগ্রাম

১-১৫ সময় ঘোষণা

১-৪৫ রোটারী ক্লাব রীলে

ভারতীয় প্রোগ্রাম

২-৩০ মহিলা মজলিস্
বক্তা—শ্রীবাণীদাস ভট্টাচার্য্য
বিষয়---কথকতা

৩-৩০ সময় ঘোষণা

### বৈকালিক অনুষ্ঠান

ভারতীয় প্রোগ্রাম

৫-৩০ সময় ঘোষণা

ছোটদের বৈঠক
বক্তা—গল্পদাদা

ভারতীয় প্রোগ্রাম

৭টা সঙ্গীত শিক্ষা দান

৭-৩০ বেতার শিল্পীগণ কর্ত্তৃক একাঙ্ক নাট্যাভিনয়
"মন্দিরে"

—

৯টা আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর, পাট ও গানির দর জ্ঞাপন

৯-৩০ ইউরোপীয় প্রোগ্রাম

ক্যাল্‌ডার্স প্লেয়ার্স কর্ত্তৃক একাঙ্ক নাট্যাভিনয়
"দি রেষ্ট্ কিওর"

১০-৩০ সময় ঘোষণা

God Save the King Emperor.

শেষ

—

## বুধবার, ২৮শে জানুয়ারী ১৯৩১
১৪ই মাঘ ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

ভারতীয় প্রোগ্রাম

৮-১৫ সময় ঘোষণা

প্রভাতবার্ত্তা

ভারতীয় গ্রামোফন রেকর্ড

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

৯-১৫ সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

১-১৫ সময় ঘোষণা

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

ভারতীয় প্রোগ্রাম

২টা মহিলা মজলিস
শ্রীগৌরমোহন মুখোপাধ্যায়—পাঁচালী ও বিচিত্র আলোচনা

৩টা ভারতীয় গ্রামোফন রেকর্ড

৩-৩০ সময় ঘোষণা

### সান্ধ্য-অনুষ্ঠান

ইউরোপীয় প্রোগ্রাম

৬-৩০ সময় ঘোষণা

পিয়ানো বাজনা

—

৭-৩০ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজারদর, পাট ও গানির দর জ্ঞাপন

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮টা ( দক্ষিণ ভারতী সঙ্গীত )

—

৮-৩০ ( সাধারণ বাংলা গান )
শ্রীসুনীল কুমার বসু
শ্রীআশুতোষ চট্টোপাধ্যায়
মিস্ আভাবতী

—

৯টা ( উর্দ্দু গান )
আস্ফাক্ হোসেন
তফজ্জ্যল হোসেন
মিস্ উষারাণী

—

৯-৫০ ( যন্ত্রসঙ্গীত )
মিঃ, আর, সি, বড়াল—পিয়ানো

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor.

শেষ

—

## বৃহস্পতিবার ২৯শে জানুয়ারী, ১৯৩১
১৫ই মাঘ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮-১৫ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

ভারতীয় গ্রামোফোন্ রেকর্ড

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

১-১৫ সময় ঘোষণা

—

ভারতীয় প্রোগ্রাম

—

২টা মহিলা মজলিস্
বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা
বিষয়—শ্রীরামকৃষ্ণ কথামৃত
মহিলাদের রচনা ও চিঠিপত্র

—

৩টা ভারতীয় গ্রামোফোন্ রেকর্ড

—

৩-৩০ সময় ঘোষণা

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৭টা সময় ঘোষণা

—

( আধুনিক বাংলা গান )
শ্রীকানন মুখোপাধ্যায়
শ্রীগঙ্গাধর মুখোপাধ্যায়
শ্রীউমাপদ ভট্টাচার্য্য

—

৭-৩০ ( সাধারণ বাংলা গান )
মিস্ মাণিকমালা
মিস্ বীণাপাণি

—

৭-৫০ ( বৈঠকী গান )
শ্রীরাখাল মিশ্র
শ্রীজ্ঞানেন্দ্র প্রসাদ গোস্বামী

—

৮-২৫ ( কীর্ত্তন গান )
শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়

—

৮-৪৫ ( যন্ত্র-সঙ্গীত )
আপতাফউদ্দিন ফকির—সুর সংগ্রহ

—

৯টা আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর পাট ও গানির দর জ্ঞাপন

—

৯-৩০ ইউরোপীয় প্রোগ্রাম

—

ভেরাইটী কনসার্ট

—

১১টা সময় ঘোষণা

God Save the King Emperor.

শেষ

—

*If you wish to prosper in your business*

*then you must—*

# ADVERTISE IN THE BETAR JAGAT

**(The official organ of the Indian State Broadcasting Service, Calcutta.)**

**Edited by—NRIPENDRA NATH MAZOOMDER**

---

*For further particulars write to—*

EUREKA PUBLICITY SERVICE

157B, Dharamtala Street

CALCUTTA.

**OR**

## THE MANAGER BETAR JAGAT

1, Garstin Place, Calcutta.

# নিজে নিজে রেডিও সেট তৈয়ারী করুন

আমাদের ৩-ভালভ যুক্ত

## কিনোরা সেট



তৈয়ারী করিতে বিশেষ কিছু শিক্ষার প্রয়োজন নাই। যে কোন ব্যক্তি একটি প্লাস ও একটী স্ক্রু-ড্রাইভারের সাহায্যে ৩।৪ ঘন্টার মধ্যে একটী সেট তৈয়ারী করিয়া লইতে পারিবেন। পার্টস্ ও তৈয়ারী করিবার প্ল্যান আমাদের দোকানে পাইবেন। দাম মাত্র ৯৩৷৷/০ আনা।

আপনার তৈয়ারী সেটে কলিকাতা, বোম্বাই, যবদ্বীপ, ম্যানিলা, ব্যাঙ্কক, ভিয়েনা, হল্যাণ্ড প্রভৃ অনেক Long Wave ও Short Wave ষ্টেশন শুনিতে পাইবেন।

সেট তৈয়ারী হইলে যদি কোন প্রকার ত্রুটী দেখিতে পান ত আমাদের কাছে পাঠাইয়া দিবেন; আমরা বিনা পারিশ্রমিকে সব ঠিক করিয়া আপনাকে শুনাইয়া দিব।

সবিশেষ জানিবার জন্য পত্র লিখুন।

## রেডিও সাপ্লাই ষ্টোরস্

ভারতবর্ষের সর্ব্বপ্রধান ও সর্ব্বাপেক্ষা আদি রেডিও বিক্রেতা।

৯নং ডালহাউসী স্কোয়ার কলিকাতা।

'Phone—Cal. 920. 'Gram.—'RADIOVOX' Calcutta.


Printed and Published by Subesh Ch Bhoumik, at the Juno Printing Works, 12, Ram Chandr